দৈনিক বাংলা

৭০

তারিখ 06 FEB 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# শিক্ষার মান উন্নয়নে বেসরকারী উদ্যোগও নিতে হবে : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী এম কে আনোয়ার বলেন যে দেশে শিক্ষার মান উন্নয়নের লক্ষে সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনসহ বহু পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি শিক্ষার উন্নয়নে সরকারী প্রচেষ্টার পাশাপাশি জনগণকে বেসরকারী উদ্যোগ গ্রহণে এগিয়ে আসার আহ্বান জানান।

তিনি গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে মতলবগঞ্জ উচ্চ বিদ্যালয় প্রাক্তন ছাত্র সমিতির পুনর্মিলনী '৯৩ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। খবরতথ্য বিবরণীর।

সমিতির সভাপতি অধ্যাপক গোলাম রসুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংস্থাপন প্রতিমন্ত্রী নুরুল হুদা, স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক ওয়ালি উল্লাহ পাটোয়ারী, চাঁদপুর সরকারী কলেজের প্রাক্তন অধ্যক্ষ মতিউর রহমান এবং স্কুলের প্রাক্তন কৃতী ছাত্রবৃন্দ বক্তৃতা করেন।

বাণিজ্যমন্ত্রী বলেন, মতলব স্কুল এক সময় বৃহত্তর কুমিল্লা তথা সারা বাংলাদেশের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাপীঠ হিসেবে খ্যাতি অর্জন করেছিল। প্রবেশিকা পরীক্ষায় এ স্কুলের ফলাফল সবসময়ই ভাল ছিল এবং এ স্কুল থেকে উত্তীর্ণ হয়ে ছাত্র-ছাত্রীবৃন্দ পরবর্তী কর্মজীবনে অনেক সফলতার পরিচয় দিয়েছেন। তিনি বলেন, মতলব স্কুলের প্রাক্তন ছাত্র সমিতির সদস্যবৃন্দ দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে বৃত্তি প্রদান এবং স্কুলের উন্নয়নকল্পে যে অবদান রেখে চলেছে তা অন্যদেরও অনুপ্রাণিত করবে।

বিশেষ অতিথির ভাষণে সংস্থাপন প্রতিমন্ত্রী বলেন, সরকার পর্যায়ক্রমে প্রতিটি থানায় একটি করে বিদ্যালয় সরকারীকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তিনি বলেন, মতলব স্কুলকেও অতি সত্বর সরকারীকরণ করা হবে। তিনি দুঃখ করে বলেন যে মতলব স্কুলের পূর্ব-গৌরব এখন হারিয়ে যেতে বসেছে। তিনি বলেন, স্কুলের পূর্ব গৌরব ফিরিয়ে আনতে হলে ছাত্র-শিক্ষক-অভিভাবক এবং স্থানীয় বিদ্যোৎসাহী জনগণকে একতাবদ্ধ হয়ে কাজ করতে হবে।